যুগান্তর

তারিখ 14 JUN 2012
পৃষ্ঠা ৩ কলাম ২

তদন্ত কমিটি গঠন

জাবিতে কর্মচারীদের অনির্দিষ্টকাল ধর্মঘট

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ থেকে অনির্দিষ্টকালের ধর্মঘট ডেকেছে বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ইউনিয়ন ও [illegible] অসৌজন্যমূলক আচরণ করার অভিযোগে একই বিভাগের ৪১তম ব্যাচের ৫-৭ জন শিক্ষার্থী জীববিজ্ঞান অনুষদের ঊর্ধ্বতন সহকারী এহতেশামুল হক মিনুকে লাঞ্ছিত করেছে বলে অভিযোগ ওঠায় জাবির কর্মচারী সমিতির নেতারা এ ঘোষণা দেন। বুধবার দুপুরে কর্মচারী লাঞ্ছিত হওয়ার কথা বিশ্ববিদ্যালয়ে ছড়িয়ে পড়লে জাবির কর্মচারী ইউনিয়ন ও কর্মচারী সমিতির নেতাদের নেতৃত্বে প্রায় শতাধিক কর্মচারী ঘটনার প্রতিবাদ করে জড়িতদের বিচার দাবি করে ভিসির কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। এদিকে কর্মচারীদের বিক্ষোভ চলাকালে পরিবেশ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা আহত কর্মচারীকে 'সন্ত্রাসী' উল্লেখ করে তার বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল করে ভিসি কার্যালয়ের সামনে জড়ো হয়। এ সময় জাবির বিক্ষুব্ধ শিক্ষার্থী ও কর্মচারীদের মধ্যে বাকবিতণ্ডা হয়। জাবি ভিসি অধ্যাপক ড. আনোয়ার হোসেন জাবি প্রক্টর অধ্যাপক ড. তপন কুমার সাহাসহ প্রক্টরিয়াল বডির সদস্যদের নিয়ে ঘটনাস্থলে উপস্থিত হলে পরিস্থিতি শান্ত হয়ে আসে। ঘটনা তদন্তের জন্য জাবি প্রশাসন গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ নূরুল আলমকে সভাপতি করে পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে। কমিটির অন্য সদস্যরা হলেন— ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আবদুস ছালাম, সহকারী প্রক্টর মোঃ আওলাদ হোসেন, উপরেজিস্ট্রার বিএম কামরুজ্জামান ও প্রশাসনিক অফিসার (আইন) মাহতাব উজ জাহিদ। কমিটিকে সার্বিক বিষয় তদন্ত করে সাত কর্মদিবসের মধ্যে তদন্ত শেষ করে কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে।

কর্মচারী আহত হওয়ার ব্যাপারে জাবির মেডিকেল অফিসার ড মোঃ শামছুল আলম বলেন, মিনুকে ঘিল-ঘুষি মারা হয়েছে। তবে আঘাত গুরুতর নয়।